



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/এম-৩০৬/ ২৫৬২/৩

তারিখঃ ০৩.০৩.২০১৮খ্রিঃ

**বিষয়ঃ** বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ ও স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিলকরণ প্রসঙ্গে।

**সূত্রঃ** রিট পিটিশ নং- ১৮২২৭/২০১৭ এ প্রদত্ত ০৭/০১/২০১৮খ্রিঃ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক ০৬-০৪-২০০৪ তারিখে জনাব মোঃ নুরুল ইসলামকে সুপার পদের চাকুরী হতে অবৈধভাবে চূড়ান্ত বরখাস্তকরণ এর সিদ্ধান্ত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা পূর্বক নিষ্পত্তিকরণের জন্য ০৩/১০/২০১৭খ্রিঃ তারিখে আবেদন দাখিল করা হয়। এছাড়া বরখাস্তকৃত সুপার জনাব মোঃ নুরুল ইসলাম কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৮২২৭/২০১৭ দায়ের করা হয়। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট উক্ত আবেদনের বিষয়টি ৯০ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য বোর্ডকে নির্দেশ প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্টের আদেশ বাস্তবায়নের নিমিত্ত জনাব মোঃ নুরুল ইসলামকে সুপার পদ থেকে বরখাস্ত করার বিষয়ে স্ব স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করার জন্য আগামী ১২.০৩.২০১৮খ্রিঃ রোজ সোমবার নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হয়ে মুখোমুখি শুনানীতে অংশগ্রহণের জন্য তাঁদেরকে অনুরোধ করা হলো।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
04.03.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮



**প্রাপকঃ** ১) সভাপতি, চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।

২) ভারপ্রাপ্ত সুপার, চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।

৩) জনাব মোঃ নুরুল ইসলাম, সুপার (সাময়িক বরখাস্ত), চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।

**অনুলিপিঃ**

১. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
২. অফিস কপি।